



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal_citycollege_ctg@yahoo.com
ওয়েব সাইট : www.gccc.edu.bd.



বিজ্ঞপ্তি

তারিখ : ০১/০২/২০২২।

২০২০-২০২১ শিক্ষাবর্ষের ডিগ্রি (পাস) বিএ/বিএসএস/বিএসসি/বিবিএস দিবা ও বৈকালিক শাখায় কোটা মেধাতালিকায় মনোনীত সকল ছাত্রছাত্রীকে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী তাদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

ছাত্রছাত্রীদের করণীয় :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের website (www.nu.edu.bd/admissions) হতে ভর্তি ফরম Download করে (A4 সাইজের অফসেট সাদা কাগজে) প্রিন্ট করতে হবে।
- নির্ধারিত প্রক্রিয়ায় “রূপালী ব্যাংক শিওর ক্যাশ এডুকেশন পেমেন্ট”-এর মাধ্যমে নিম্নোক্ত পরিমাণ ফি পরিশোধ করতে হবে [উক্ত পেমেন্ট নিজস্ব একাউন্ট হতে অথবা সংশ্লিষ্ট শিওর ক্যাশ এজেন্ট-এর মাধ্যমে প্রদান করা যাবে।]

ফি এর পরিমাণ

বিভাগ	টাকার পরিমাণ	
বি.এ/বি.এস.এস/বি.বি.এস(পাস) দিবা ও বৈকালিক শাখা	৩,০৮৭/-	শিওর ক্যাশ-এর মাধ্যমে পরিশোধ যোগ্য।
বি.এসসি(পাস)	৩,১৮৭/-	

- শিওর ক্যাশ-এর মাধ্যমে ফি পরিশোধের পর প্রাপ্ত SMS হতে Transaction ID সংগ্রহ করে কলেজের ওয়েব সাইটে (www.gccc.edu.bd) ভর্তির রোল ও Transaction ID প্রদানপূর্বক কলেজ ফরম পূরণ করতে হবে। পূরণকৃত কলেজ ফরম ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের Download করা ফরম দুটির (A4 সাইজের অফসেট সাদা কাগজে) প্রিন্টআউট বের করে যাবতীয় কাগজপত্র নিম্নোক্ত স্থান ও সময়ে জমা দিয়ে ভর্তি নিশ্চিত করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে ভর্তি নিশ্চয়ন হবে না এবং এজন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


তারিখ	সময়	শিফট	গ্রুপ	স্থান
০৩/০২/২০২২	সকাল ০৯:৩০টা থেকে দুপুর ১২:৩০টা পর্যন্ত	দিবা	সকল গ্রুপ	একাডেমিক ভবন-২, ৫ম তলা
	দুপুর ২.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত	বৈকালিক	সকল গ্রুপ	একাডেমিক ভবন-৩, ৪র্থ তলা

রূপালী ব্যাংক শিওর ক্যাশ এডুকেশন পেমেন্ট-এর মাধ্যমে ফি পরিশোধ করার নিয়মাবলি :


- শিওর ক্যাশ মোবাইল APP-এর মাধ্যমে অথবা *৪৯৫# ডায়াল করলে স্ব স্ব মোবাইল স্ক্রিনে শিওর ক্যাশ মেনু পাবে।
- শিওর ক্যাশ মেনুর 3 চাপ দিয়ে (payment অপশন) send করতে হবে।
- Payee account or keyword : GCCDA টাইপ করে send বাটন চাপতে হবে।
- Student ID: অপশনে নিজ নিজ ভর্তির রোল নম্বর টাইপ করে send বাটন চাপতে হবে।
- স্ক্রিনে প্রদর্শিত শিক্ষার্থীর নাম, রেজিঃ নম্বর এবং টাকার পরিমাণ যাচাই করে নির্ধারিত ফি [যার ক্ষেত্রে যে ফি প্রযোজ্য] টাইপ করে send করতে হবে।
- পিন নম্বর (৪ ডিজিটের গোপন নম্বর) টাইপ করে payment confirm করত: ফিরতি Paid SMS পাওয়া যাবে।
- প্রতিবার payment এর জন্য ১.২৫% চার্জ প্রযোজ্য।
উল্লেখ্য, যে-কোনো সমস্যার জন্য শিওর ক্যাশ কাস্টমার কেয়ার ১৬৪৯৫ নম্বরে অথবা রূপালী ব্যাংকের নিকটস্থ যে কোন শাখায় যোগাযোগ করা যেতে পারে।

ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র :

- অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের পূরণকৃত ভর্তি ফরমের প্রিন্টেড কপি ও ২ সেট ফটোকপি।
 - ভর্তির প্রাথমিক আবেদন ফরমের মূল প্রবেশপত্র ও ২ সেট ফটোকপি।
 - মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরফর্দ।
 - মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার সকল নম্বরপত্র, সনদপত্র, রেজি. কার্ডের ২ সেট ফটোকপি।
 - কোটা প্রমাণের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি ও সত্যায়িত ফটোকপি- ২ সেট।
 - ১টি বড়খাম (১৪" x ১০") ও ৫/- (পাঁচ) টাকার ডাক টিকেট-সহ নিজ ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত ১টি ছোটখাম (১০" x ৪")।
 - পাসপোর্ট সাইজের ৪ কপি রঙিন ছবি ও ২কপি স্ট্যাম্প সাইজ রঙিন ছবি।
- বি.দ্র. যাদের এসএসসি ও এইচএসসি'র মূল নম্বরফর্দ নাই তাদের শিওর ক্যাশ-এ ফি জমা দেওয়ার প্রয়োজন নেই। ফি জমা দিলেও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে না। এ ব্যাপারে কোনোপ্রকার সুপারিশ গ্রহণযোগ্য নয়।


অধ্যক্ষ

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম


আহ্বায়ক

ডিগ্রি (পাস) দিবা শাখা ভর্তি কমিটি
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম


আহ্বায়ক

ডিগ্রি (পাস) বৈকালিক শাখা ভর্তি কমিটি
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম